দৈনিক সংবাদ

তারিখ 11 MAR 1993
পৃষ্ঠা ... কলাম ...

# ডাকযোগে শিক্ষাদান ঃ ব্যাংকিং ডিপ্লোমা কোর্স

(নিজস্ব বার্তা পরিবেশক)

ব্যাংকিং ডিপ্লোমা দূরশিক্ষণ একাডেমি নামে সম্প্রতি একটি বেসরকারী প্রতিষ্ঠান প্রতিষ্ঠা পেয়েছে। এর কার্যালয়টি হলো ১৬৪/১, রাজউক এক্সটেনশন রোড, ফকিরাপুলে।

এই একাডেমিটি বাংলাদেশের সর্বপ্রথম ডাকযোগে শিক্ষাদানের একটি প্রতিষ্ঠান। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ব্যাংকারদের উপদেশ অনুযায়ী এটি পরিচালিত হবে।

একাডেমিটি ব্যাংকিং ডিপ্লোমার সকল বিষয়ের সিলেবাস অনুযায়ী ব্যাংকারদেরকে ডাকযোগে শিক্ষা প্রদান করে পরীক্ষার্থীদের পরীক্ষায় সফলতা অর্জন করতে সহায়তা করবে বলে জানানো হয়েছে।

সারা বাংলাদেশকেই এই একাডেমির আওতায় সন্নিবেশিত করা হয়েছে। বাংলাদেশের যে কোন ব্যাংকার যে কোন স্থানে উপস্থিত থেকে যে কোন ব্যাংক শাখা, আঞ্চলিক কার্যালয় বা প্রধান কার্যালয় হতে প্রতি পরীক্ষার জন্য ভর্তির মাধ্যমে সরাসরি ডাকযোগে লেখাপড়া করতে পারবেন।

পরীক্ষার্থী নির্দিষ্ট পরীক্ষায় অংশগ্রহণ করার ৩ মাস পূর্বে যে কোন সময় পরিচালক, ব্যাংকিং-ডিপ্লোমা দূরশিক্ষণ একাডেমির নামে নির্দিষ্ট অংকের ডিমান্ড ড্রাফট ঢাকা শহরের বাহিরের জন্য এবং ঢাকা শহরের পরীক্ষার্থীদের জন্য পে-অর্ডারের মাধ্যমে ভর্তির ফরম (নিজের তৈরি) পূরণ করে যে বিষয়ের ওপর কোচিং নেয়া প্রয়োজন তা উল্লেখপূর্বক একাডেমির ঠিকানায় অর্থাৎ পরিচালক, ব্যাংকিং ডিপ্লোমা দূরশিক্ষণ একাডেমি, জিপিও বক্স নং -১৮৩ উল্লেখ করে ডাকে পাঠালেই ভর্তি হওয়া যাবে। প্রতি পরীক্ষার জন্য প্রতিবারই ভর্তি হতে হবে। এক বা একাধিক বিষয়ের জন্য ভর্তি বা কোচিং নেয়া যাবে।

চিঠির মাধ্যম ছাড়া অন্য কোন মাধ্যমে প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ সম্ভব নয়। জিপিও বক্সের মাধ্যমেই সমস্ত অনুশীলনের প্রশ্নোত্তর পাঠাতে হবে।

একাডেমির বর্তমানে কোথাও কোন ক্লাসের ব্যবস্থা নেই। প্রতিটি বিষয়ে আলাদাভাবে অভিজ্ঞ উপদেষ্টার মাধ্যমে কেবলমাত্র ডাকযোগে শিক্ষাদানের একটা পূর্ণাঙ্গ গাইড লাইন দেয়া হবে। তবে ভবিষ্যতে প্রথমে ঢাকা শহরে এবং পরে চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বগুড়া, যশোর ও রংপুরে কোচিং ক্লাসের ব্যবস্থা পর্যায়ক্রমে করা হবে।

এই প্রতিষ্ঠানে ইন্সটিটিউট অব ব্যাংকারস বাংলাদেশ- এর সিলেবাস অনুযায়ী শিক্ষা প্রদান করা হবে। পরীক্ষার ৩ মাস পূর্ব হতে কোচিং আরম্ভ করা হবে এবং পরীক্ষা আরম্ভ হবার এক সপ্তাহ পূর্বেই সিলেবাস সমাপ্ত করা হবে। কমপক্ষে পরীক্ষা আরম্ভ হওয়ার ২ মাস পূর্ব হতে ভর্তি হতে হবে।

আই,বি,বি-এর সিলেবাস অনুযায়ী অনুমোদিত বই, একাডেমির অনুমোদিত টেক্সটবুক, রিডিং মেটেরিয়ালস ও উপ-দেষ্টার হ্যান্ড নোটের মাধ্যমে এই প্রতিষ্ঠানে শিক্ষা প্রদান করা হবে। এগুলো একাডেমি হতে সংগ্রহ করা যাবে।

লেখাপড়ার জন্য এই একাডেমি বিদেশী যেমন পাকিস্তান, ভারত ও লন্ডনের ব্যাংকিং ডিপ্লোমার ওপর 'ডাকযোগে লেখাপড়ার ইন্সটিটিউট'-এর সাথে যোগাযোগ রেখে এবং তাদের নিয়ম ও আদর্শের প্রতি লক্ষ্য রেখে কোর্স পরিচালনা করবে। এ ছাড়াও আই,বি,বি'র দেয়া আদেশ, উপদেশ, নিয়ম-শৃংখলার প্রতি দৃষ্টি রেখে লেখাপড়ার সকল কার্যক্রম পরিচালনা করবে বলে জানিয়েছে।

কোর্সের মাধ্যমে পড়ার নিয়মাবলী এ রকম ঃ প্রথমে বিষয় অনুযায়ী পাঠ বা 'রিডিং মেটেরিয়াল' ও হ্যান্ড নোট পাঠানো হবে। এরপর সিলেবাস বা অধ্যায় অনুযায়ী অনুশীলনের প্রশ্ন পাঠানো হবে, যার উত্তরমালা পরীক্ষার্থী নিজেই তৈরি করে ১৫ দিনের মধ্যে ডাকযোগে ফেরত পাঠাবেন। উত্তরমালা সঠিক না হলে নির্দিষ্ট উপদেষ্টার মাধ্যমে সংশোধিত উত্তরপত্র পরবর্তী প্রশ্নমালার সাথে পাঠানো হবে। সম্ভাব্য প্রশ্নের ওপর পরীক্ষা নেয়া বা সাজেশনও দেয়ার ব্যবস্থা থাকবে।

ভর্তি ফিঃ প্রথম পর্বে ৩শ' টাকা এবং ভর্তি ফি সহ সব মিলে ৩২শ'। ২য় পর্বে ভর্তি ফিঃ ৫শ'সহ মোট ৪শ'।

বিস্তারিত জানতে ৮৩২৩৭৭ এবং ৪১৩৩০৮ নম্বরে ফোন করা যেতে পারে।